এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

সিলেট বোর্ড – ২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

ক – বিভাগ

১। মেহেদী লিমিটেডের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
নগদ	৩,০০,০০০	শেয়ার মূধন (প্রতিটি ১০০ টাকা	
প্রারম্ভিক মজুদ	১,০০,০০০	১০,০০০ শেয়ার)	১০,০০,০০০
ক্রয়	৫,০০,০০০	সাধারণ সঞ্চিতি	২,০০,০০০
মজুরি	৮০,০০০	১০% ঋণপত্র (১.৭.১৫)	৫,০০,০০০
বেতন	১,৫০,০০০	সংরক্ষিত আয়	১,৭০,০০০
আসবাবপত্র	৫,০০,০০০	বিক্রয়	৭,০০,০০০
যন্ত্রপাতি	৭,০০,০০০	প্রদেয় হিসাব	৬,০০,০০০
অন্তবর্তীকালীন লভ্যাংশ	৫০,০০০		
আয়কর	৪০,০০০		
প্রাপ্য হিসাব	৭,৫০,০০০		
	৩১,৭০,০০০		৩১,৭০,০০০

অন্যান্য তথ্যাবলি ঃ (১) সমাপনি মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছে ১,৯০,০০০ টাকা। (২) বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। (৩) নিট লাভের ৫০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর। (৪) শেয়ার মূলধনের ৫% লভ্যাংশ ঘোষণা করা হয়।

ক) ঋণপত্রের সুদের পরিমাণ নির্ণয় কর।
খ) বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর।
গ) নিট আয় ১,৫০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ৫০,০০০ টাকা। (খ) ৪,৮৫,০০০ টাকা। (গ) ১,৩০,০০০ টাকা।

২। রুমন লিমিটেডের অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যে ৫,০০০ শেয়ারে বিভক্ত। রুমন লিমিটেডের রেওয়ামিল নিম্নরূপঃ

রেওয়ামিল, ৩১শে ডিসেম্বর, ২০১৫

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
হাতে নগদ	৫৬,০০০	প্রদেয় হিসাব	৫৫,০০০
আসবাবপত্র	২,৫০,০০০	সংরক্ষিত আয়	৫০,০০০
সুনাম	১,০০,০০০	সাধারণ সঞ্চিতি	২৫,০০০
প্রাপ্য হিসাব	১,৭৫,০০০	শেয়ার মূলধন (৩,০০০ শেয়ার	৩,০০,০০০
ক্রয়	২,৬৯,০০০	প্রতিটি ১০০ টাকা মূল্যে)	
প্রারম্ভিক মজুদ	৪০,০০০	বিক্রয়	৪,৬০,০০০
বেতন	২৫,০০০	৬% ঋণপত্র	৫০,০০০
মনিহারি	২০,০০০		
বিজ্ঞাপন	৫,০০০		
	৯,৪০,০০০		৯,৪০,০০০

অন্যান্য তথ্যবলি : (১) সমাপনি মজুদ পণ্য ১,০০,০০০ টাকা। (২) প্রদেয় বেতন ৫,০০০ টাকা। (৩) আয়কর সঞ্চিতি ধার্যকর ২০,০০০ টাকা। (৪) সুনামের ৫০% অবলোপন কর।

ক) মোট আয় নির্ণয় কর।
খ) মোট আয় ২,২৫,০০০ টাকা ধরে নিট আয় নির্ণয় কর।
গ) রক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ১,৭১,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ২,৫১,০০০ টাকা। (খ) ৯৭,০০০ টাকা। (গ) ৬,৩১,০০০ টাকা।

খ – বিভাগ

৩। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর, তারিখে মিতালী ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হলঃ

মিতালী ক্লাব
প্রাপ্তি ও প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
হাতে নগদ (১.১.১৫)	৬,০০০	বেতন	৬,০০০
চাঁদা	৯,০০০	ভাড়া	৪,১০০
পুরাতন কগজ বিক্রয়	৩,২০০	ছাপা ও মনিহারি	১,৩০০
ভর্তি ফিস	৪,০০০	টেলিফোন চার্জ	১৬৫
বিবিধ আয়	৭,০০০	আসবাবপত্র	৮,০০০
		হাতে নগদ (৩১.১২.২০১৫)	৯,৬৩৫
	২৯,২০০		২৯,২০০

১ জানুয়ারি ২০১৫ তারিখে ক্লাবের সম্পদসমূহ নিম্নরূপ : আসবাবপত্র ৩০,০০০ টাকা, দালানকোঠা ৯০,০০০ টাকা এবং খেলাধুলার সরঞ্জাম ৫০,০০০ টাকা।

অন্যান্য তথ্যবলিঃ (১) মোট প্রাপ্ত চাঁদার ২,০০০ টাকা ২০১৪ সালের, ১,০০০ টাকা ২০১৬ সালের এবং চলতি বছরের অনাদায়ী চাঁদা ৪,০০০ টাকা। (২) ২০১৪ সালের ভাড়া ১,০০০ টাকা চলতি বছরে পরিশোধ।

ক) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
খ) আয়– ব্যয় হিসাব তৈরি কর।
গ) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে ক্লাবের উদ্বর্তপত্র তৈরি কর।

উত্তর : (ক) ১,৭৭,০০০ টাকা। (খ) ব্যয়াতিরিক্ত আয় ১৩,৬৩৫ টাকা। (গ) ১,৯১,৬৩৫ টাকা।

৪। হিরণ কোম্পানি লিমিটেড প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যে ১০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পনি প্রতি শেয়ার ১৫% অধিহারে ৮,০০০ শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ৯,০০০ শেয়ারের আবেদন পায় এবং অতিরিক্ত আবেদনের টাকা আবেদনকারীকে ফেরত দেয়।

ক) শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর।
খ) প্রয়োজনীয় জাবেদা দাও।
গ) ব্যাংক উদ্বৃত্ত ৯,২০,০০০ টাকা ধরে কোম্পনি আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ১,২০,০০০ টাকা। (খ) জাবেদার যোগফল ২০,৭০,০০০ টাকা। (গ) ৯,২০,০০০ টাকা।

৫। রনি এবং লিপি অংশীদারি কারবারের দু'জন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান ২ ঃ ১ অনুপাতে ভাগ করে নেয়। ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা। রনি ১ জুলাই তারিখে কারবারে ২০,০০০ টাকা ঋণ সরবরাহ করে। লিপি প্রতি মাসে ৫০০ টাকা করে বেতন পাবে। তারা প্রতি মাসের প্রথম তারিখে কারবার হতে যথাক্রমে ৬০০ টাকা ও ৭০০ টাকা করে নগদ উত্তোলন করে। মূলধন ও নগদ উত্তোলনের উপর ৫% সদ ধার্য করা হয়। উক্ত বছরে কারবারের লাভ হয় ৪০,০০০ টাকা।

ক) উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর।
খ) লাভ লোকসান আবন্টন হিসাব তৈরি কর।
গ) অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর।

উত্তর : (ক) ১৯৫ টাকা ও ২২৮ টাকা। (খ) মুনাফার অংশ ১৭,২১৫ ও ৮,৬০৮ টাকা। (গ) ১,১৪,৮২০ টাকা ও ৬৮,৯৮০ টাকা

৬। স্কয়ার কোম্পানি লিমিটেডের তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেওয়া হলঃ

বিবরণ	২০১৪	২০১৫
সম্পদসমূহ ঃ		
হাতে নগদ	৪০,০০০	৪৪,৪০০
প্রাপ্য হিসাব	১০,০০০	২০,০০০
মজুদ পণ্য	১৫,০০০	১৫,৭০০
ভূমি	৪,০০০	৪,০০০
দালানকোঠা	২০,০০০	১৬,০০০
মেশিনারি	১৫,০০০	১৭,০০০
অবচয় সঞ্চিতি	(৫,০০০)	(২,৮০০)
প্যাটেন্ট	১,০০০	৯০০
	১,০০,০০০	১,১৫,২০০
দায় ও মালিকানাস্বত্বঃ		
চলতি দায়	৩০,০০০	৩২,০০০
প্রদেয় বন্ড	২২,০০০	২২,০০০
বন্ড অবহার	(২,০০০)	(১,৮০০)
শেয়ার মূলধন	৩৫,০০০	৪৩,৫০০
প্রস্তাবিত লভ্যাংশ	১৫,০০০	১৯,৫০০
	১,০০,০০০	১,১৫,২০০

অন্যান্য তথ্যবলি : (১) চলতি বছরের নিট আয় ১০,০০০ টাকা। (২) ১,৪০০ টাকায় দালানকোঠা বিক্রয় করা হয়েছে। যার ক্রয় মূল্য ৪,০০০ টাকা এবং বই মূল্য ছিল ১,০০০ টাকা। (৩) লভ্যাংশ প্রদান ২,০০০ টাকা।

ক) চলতি বছরের অবচয়ের পরিমাণ নির্ণয় কর।
খ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
গ) বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।

উত্তর : (ক) ৮০০ টাকা। (খ) ৬,৫০০ টাকা। (গ) (৬০০) টাকা।

৭। আলম এন্ড কোম্পানির তথ্যাবলি নিম্নরূপঃ

বিক্রয় ২৫,০০০ একক, একক প্রতি বিক্রয় মূল্য ৫০ টাকা, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৩৫ টাকা এবং স্থির ব্যয় ২,৮৮,০০০ টাকা।

ক) একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন নির্ণয় কর।
খ) সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় নির্ণয় কর।
গ) আয় বিবরণীর মাধ্যমে সমচ্ছেদ বিন্দু প্রমাণ কর।

উত্তর : (ক) ১৫ টাকা। (খ) ১৯,২০০ একক ও ৯,৬০,০০০ টাকা।

৮। ২০১৬ সালের জানুয়ারি মাসের অনিক লিঃ এর পণ্য ক্রয় ও ইস্যু সংক্রান্ত তথ্য নিম্নে দেয়া হল ঃ

তারিখ		বিবরণ	একক	একক প্রতি মূল্য
জানুয়ারী	১	প্রারম্ভিক উদ্বৃত্ত	২০০	১০
"	২	ক্রয়	৩০০	১১
"	৭	ইস্যু	২৫০	-
"	১৫	ইস্যু	১৫০	-
"	২১	ক্রয়	৩০০	১৪
"	৩১	ইস্যু	২২৫	-

ক) সমাপনি মজুত এককের পরিমাণ ও মূল্য নির্ণয় কর।
খ) আগে আসে আগে যায় পদ্ধতিতে মাল খতিয়অন তৈরি কর।

গ) ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর।

উত্তর : (ক) ১৭৫ একক ও ২,৪৫০ টাকা। (খ) সমাপনি মজুদ ১৭৫ একক ও ২,৪৫০ টাকা। (গ) ২,৩০১ টাকা।

৯। আলভি লিমিটেডের ২০১৫ সালের উদ্বর্তপত্র নিম্নে প্রদত্ত হলঃ

উদ্বর্তপত্র, ৩১ ডিসেম্বর, ২০১৫

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	১০,০০,০০০	স্থায়ী সম্পদ	৯,০০,০০০
সাধারণ সঞ্চিতি	২,০০,০০০	মজুদ পণ্য	৩,৫০,০০০
১২% ঋণপত্র	৪,০০,০০০	প্রাপ্য হিসাব	৩,০০,০০০
শেয়ার অধিহার	১,০০,০০০	নগদ	৫০,০০০
বকেয়া খরচ	৫০,০০০	ব্যাংক জমা	১,৫০,০০০
প্রদেয় হিসাব	১,৫০,০০০	প্রাপ্য নোট	১,৫০,০০০
	১৯,০০,০০০		১৯,০০,০০০

চলতি বছরে বিক্রয়ের পরিমাণ ২৫,০০,০০০ টাকা। বিক্রীত পণ্যের ব্যয় ২০,০০,০০০ টাকা।

ক) চলতি অনুপাত নির্ণয় কর।

খ) কার্যকরী মূলধন অনুপাত ও মোট লভ্য অনুপাত নির্ণয় কর।

গ) মজুদ আবর্তন ও প্রাপ্য হিসার আসবর্তন অনুপাত নির্ণয় কর।

উত্তর : (ক) ৫ ঃ ১। (খ) ৪ ঃ ১ ও ২০%। (গ) ৫.৭১ বার ও ৫.৫৬ বার।

১০। নাবিল লিঃ এর উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপঃ

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
কাঁচামালের প্রারম্ভিক মজুদ	৫০,০০০	প্রত্যক্ষ শ্রম	৬,০০,০০
তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ (১০০ একক)	২,০০,০০০	কারখানা উপরিব্যয়	৪,০০,০০০
কাঁচামালের সমাপনি মজুদ	১০, ০০০	বিক্রয় ব্যয়	৩,৫০,০০০
তৈরি পণ্যের সমাপনি মজুদ (২০০ একক)		প্রশাসনিক ব্যয়	৫,০০,০০০
কাঁচামাল ক্রয়	২০,০০,০০০	বিক্রয়	৪০,০০,০০০

উক্ত বছরে কোম্পানি ৫০০ একক বিক্রয় করে।

ক) উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর।

খ) বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী তৈরি কর।

গ) আয় বিবরণী তৈরি কর।

উত্তর : (ক) ৬০০ একক। (খ) ২২,২৬,৬৬৭ টাকা। (গ) ৯,২৩,৩৩৩ টাকা।

১১। অফিস কর্মচারী আরমান ও জাহিদের ২০১৪ সালের ডিসেম্বর মাসের বেতন সংক্রান্ত তথ্যাবলি নিম্নে দেয়া হলঃ

বিবরণ	আরমান	জাহিদ
মূল বেতন	৬,০০০ টাকা	৮,০০০ টাকা
বাড়ি ভাড়া	৫০%	৫০%
মহার্ঘ ভাতা	১৫%	১৫%
চিকিৎসা ভাতা	৬০০ টাকা	৮০০ টাকা
যাতায়াত ভাতা	২০০ টাকা	৩০০ টাকা
অতিরিক্ত সময়ের কাজ (স্বভাবিক মজুরির দ্বিগুণ হার)	২০ ঘন্টা	২২ ঘন্টা
ভবিষ্যত তহবিল	১০%	১০%
গ্রুপ বিমা	৫%	৫%
আয়কর	১০০ টাকা	১৫০ টাকা

উক্ত মাসে স্বাভাবিক কার্য ঘন্টা ছিল ২০০ ঘন্টা।

ক) আরমান ও জাহিদের অতিরিক্ত সময় কাজের (ওভারটাইম) মজুরি নির্ণয় কর।

খ) কর্মচারীদের মোট বেতন নির্ণয় কর।

গ) কর্মচারীদের মোট কর্তন ও নিট প্রদেয় বেতন ও নিট প্রদেয় বেতন নির্ণয় কর।

উত্তর : (ক) ১,২০০ টাকা ও ১,৭৬০ টাকা। (খ) ১১,৯০০ টাকা ও ১৬,০৬০ টাকা। (গ) নিট মজুরি ১০,৯০০০ ও ১৪,৭১০টা.

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বহুনির্বাচনি অভিক্ষা

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। নিচের কোন প্রতিষ্ঠান আইনসম্মতভাবে মুনাফা অর্জনের জন্য প্রতিষ্ঠিত নয় ?

(i) হাসপাতাল (ii) উত্তরা ব্যাংক লি. (iii) রেড ক্রিসেন্ট নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২। প্রাপ্তি ও প্রদান হিসাবের ক্রেডিট পার্শ্বে ৫% ঋণের ছয় মাসের সুদের পরিমাণ ৩,৯০০ টাকা। ঋণের পরিমাণ কত ?

(ক) ১,৫৬,০০০ টাকা (খ) ৭৮,০০০ টাকা (গ) ১৯,৫০০ টাকা (ঘ) ৯,৭৫০ টাকা

৩। প্রতি তিন মাস অন্তর সমপরিমাণ উত্তোলন করা হলে অংশীদারি ফার্মের উত্তোলনের উপর সুদ নির্ণয়ের সঠিক সূত্র কোনটি ?

(ক) উত্তোলনের পরিমাণ × সুদের হার × ১৩/২ (খ) উত্তোলনের পরিমাণ × সুদের হার ১১/২

(গ) উত্তোলনের পরিমাণ × সুদের হার × ৫/২ (ঘ) উত্তোলনের পরিমাণ × সুদের হার × ৩/২

৪। একটি অংশীদারি ফার্মের কমিশন চার্জ করার পূর্বের নিট মুনাফা ১,১০,০০০ টাকা। কমিশন চার্জ করার পরবর্তী নিট মুনাফার ১০% কমিশন হলে, কমিশনের পরিমাণ কত হবে ?

(ক) ১০,০০০ টাকা (খ) ১১,০০০ টাকা (গ) ৯৯,০০০ টাকা (ঘ) ১,০০,০০০ টাকা

৫। লিখিত চুক্তির অবর্তমানে কোন অংশীদার নিচের কোনটি দাবি করতে পারে ?

(ক) কমিশন (খ) ঋণের সুদ (গ) মূলধনের সুদ (ঘ) উত্তোলনের সুদ

৬। নগদ প্রবাহ বিবরণীর তাৎপর্যপূর্ণ অ-নগদ কার্যক্রমের অন্তর্ভুক্ত নয় কোনটি ?

(ক) শেয়ারকে ঋণপত্রের রূপান্তর (খ) ভূমির বিনিময়ে যন্ত্রপাতি ক্রয়

(গ) বন্ডের মূল্য পরিশোধ (ঘ) লভ্যাংশ হিসেবে বোনাস শেয়ার ইস্যু

৭। নগদ প্রবাহ বিবরণীতে ট্রেজারি স্টকের জন্য নগদ প্রদান কোন কার্যক্রমের সাথে জড়িত ?

(ক) পরিচালন (খ) অর্থায়ন (গ) বিনিয়োগ (ঘ) গুরুত্বপূর্ণ অ-নগদী

৮। পরিচালন কার্যক্রম হতে নিট নগদ অন্তঃ প্রবাহের পরিমাণ ৪৫,০০০ টাকা। স্থায়ী সম্পত্তি ক্রয় ও নগদ লভ্যাংশ পরিশোধ যথাক্রমে ২২,০০০ টাকা ও ১৯,৫০০ টাকা হলে, মুক্ত নগদ প্রবাহের পরিমাণ কত ?

(ক) ৬৪,৫০০ টাকা (খ) ২৫,৫০০ টাকা (গ) ২৩,০০০ টাকা (ঘ) ৩,৫০০ টাকা

নিচের উদ্দীপকটি পড়ে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও ঃ

বুলু লিঃ প্রতিটি ৮ টাকা মূল্যের ৭০,০০০ শেয়ারে নিবন্ধিত হল। কোম্পনি এর ৭০% শেয়ার ৭% অধিহারে ইস্যু করে।

৯। কোম্পনির ইস্যুকৃত শেয়ার সংখ্যা কত ?

(ক) ৪,৯০০ (খ) ২১,০০০ (গ) ৪৯,০০০ (ঘ) ৫৬,০০০

১০। কোম্পানির অতিরিক্ত পরিশোধিত মূলধনের পরিমাণ কত ?

(ক) ১১,৭৬০ টাকা (খ) ২৭,৪৪০ টাকা (গ) ৩১,৩৬০ টাকা (ঘ) ৩২,২০০ টাকা

১১। কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী শেয়ার অধিহারের অর্থ ব্যবহার করা যায়–

(i) অলিক সম্পত্তি অবলোপনের কাজে (ii) বোনাস শেয়ার বিলিকরণের কাজে

(iii) কোন সাধারণ বিশেষ তহবিল সৃষ্ট করার কাজে নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২। সমাপনি মজুদ পণ্য বৃদ্ধির ফলে –

(i) মোট মুনাফা বৃদ্ধি পায় (ii) বিক্রিত পণ্যের মূল্য হ্রাস পায় (iii) নীট ক্রয় বৃদ্ধি পায় নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৩। হিসাব বছরের শেষে লভ্যাংশ ঘোষণ্ করা হলে কোম্পানির আর্থিক বিবরর্ণতে কি প্রভার পড়ে ?

(ক) সংরক্ষিত আয় কমে (খ) নিট মুনাফা কমে (গ) মোট দায় কমে (ঘ) মোট সম্পদ কমে

১৪। সবুজ সাথী লিঃ এর ২০১৬ সালের জানুয়ারি ১ ও ডিসেম্বর ৩১ তারিখের সংরক্ষিত আয়ের ক্রেডিট উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,২০,০০০ টাকা ও ১,৩৫,০০০ টাকা। ২০১৬ সালের নিট মুনাফার পরিমাণ ৩৫,০০০ টাকা হলে পরিশোধিত লভ্যাংশের পরিমাণ কত ছিল ?

(ক) ১৫,০০০ টাকা (খ) ২০,০০০ টাকা (গ) ৩৫,০০০ টাকা (ঘ) ৫০,০০০ টাকা

১৫। চলতি দায় মিটানোর ক্ষমতা কোন অনুপাতের দ্বারা নির্ণয় করা হয় ?

(ক) চলতি মূলধন অনুপাত (খ) চলতি অনুপাত (গ) তারল্য অনুপাত (ঘ) দায়–মালিকানা অনুপাত

১৬। নিচের কোনটি অন্তঃ দায় ?

(ক) বকেয়া বেতন (খ) পাওনাদার (গ) সঞ্চিতি তহবিল (ঘ) বন্ধকী ঋণ

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী দুইটি প্রশেনর উত্তর দাও :

৫ বছর আগে ১০,০০,০০০ টাকা দিয়ে এটি পুরাতন মেশিন ক্রয় করা হয়েছিল। মেশিনটির বর্তমান পুস্তক মূল্য ৮,০০,০০০ টাকা। নতুন এটি মেশিন প্রতিস্থাপনের জন্য পুরাতন মেশিনটি ৩,০০,০০০ টাকা বিক্রি করা হয়।

১৭। প্রাসঙ্গিক ব্যয়ের পরিমাণ কত ?

(ক) ৩,০০,০০০ টাকা (খ) ৫,০০,০০০ টাকা (গ) ৮,০০,০০০ টাকা (ঘ) ১০,০০,০০০ টাকা

১৮। নিমজ্জিত ব্যয়ের পরিমাণ কত ?

(ক) ২,০০,০০০টাকা (খ) ৩,০০,০০০ টাকা (গ) ৫,০০,০০০ টাকা (ঘ) ১০,০০,০০০টাকা

১৯। কাজে অনুপ্রাণিত ও আগ্রহী করার জন্য মালিকপক্ষ যখন কর্মীদের বাড়তি আর্থিক সুবিধা প্রদান করে তখন তাকে কি বলে ?

(ক) মহার্ঘ ভাতা (খ) ওভারটাইম ভাতা (গ) বোনাস (ঘ) সম্মানী

২০। প্রভিডেন্ট ফান্ড মূলত কি কারণে সৃষ্টি করা হয় ?

(ক) কর্মী ও মালিকের সম্পর্ক জোরদার করার জন্য (খ) কর্মীদের ভবিষ্যত আর্থিক নিরাজত্তার জন্য
(গ) ব্যবসায়ের বাড়তি তহবিল জোগাড়ের জন্য (ঘ) মালিক ও কর্মীদের মধ্যকার দূরত্ব কমানোর জন্য

২১। 'বিন কার্ড' হতে তুমি কি জানতে পার ?

(ক) মজুদ পণ্যের মূল্য (খ) মজুদ পণ্যের পরিমাণ (গ) ব্যবহৃত মালের পরিমাণ (ঘ) মজুদ পণ্যের ঘাটতি

২২। একটি পণ্যের একক প্রতি ব্যয় ৫,০০০ টাকা। কোম্পানি যদি বিক্রয় মূল্যের ২০% মুনাফা করতে চায় তবে প্রতিটি এককের বিক্রয় মূল্য কত হবে ?

(ক) ৫,৮৩৩ টাকা (খ) ৬,০০০ টাকা (গ) ৬,২৫০ টাকা (ঘ) ৭,৫০০ টাকা

২৩। মূল্য হ্রাসের ধারা অব্যাহত থাকলে কোন পদ্ধতিতে মজুদের মুল্যায়ন করা যুক্তিযুক্ত ?

(ক) ফাইকো (খ) লাইকো (গ) সাধারণ গড় (ঘ) ভারযুক্ত গড়

২৪। নিচের কোনটি ত্বরিত সম্পদ নয় ?

(ক) নগদ (খ) দেনাদার (গ) ব্যাংক জমা (ঘ) অগ্রিম খরচ

২৫। অংশীদারি কারবারের উন্নয়নের প্রধান অন্তরায় কোটি ?

(ক) অসীম দায় (খ) মূলধনের স্বল্পতা (গ) ব্যক্তিগত দ্বন্দ্ব (ঘ) অদক্ষ ব্যবস্থাপনা

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ

শান্ত কোম্পানির স্থির ব্যয়ের পরিমাণ ১,৯০,০০০ টাকা। একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৫ টাকা। চলতি বছরের মোট ২০,০০০ এককের বিক্রয় মূল্যে ৩,,০০,০০০ টাকা।

২৬। একক প্রতি অনুদান প্রাপ্ত কত ?

(ক) ৫ টাকা (খ) ১০ টাকা (গ) ১৫ টাকা (ঘ) ২০ টাকা

২৭। সম-আয়-ব্যয় বিক্রয়ের পরিমাণ কত একক ?

(ক) ১,০০০ (খ) ৯.৫০০ (গ) ১২,৬৬৬ (ঘ) ১৯,০০০

২৮। মুনাফার পরিমাণ কত ?

(ক) ১৫,০০০টাকা (খ) ১২,০০০ টাকা (গ) ১১,৫০০ টাকা (ঘ) ১০,০০০ টাকা

২৯। নিত্য মজুদ ব্যবস্থায় কখন সমপনি মজুদ পণ্যের পরিমাণ নির্ণয় করা হয় ?

(ক) এক মাস পর পর (খ) ছয় মাস পরপর (গ) যে কোন সময় (ঘ) হিসাবকাল শেষে

৩০। নিচের কোটি আধা পরিবর্তনশীল ব্যয় ?

(ক) ব্যবহৃত কাঁচামাল (খ) অবচয় (গ) বিদ্যুৎ বিল (ঘ) প্রত্যক্ষ মজুরি

উত্তরপত্র

১। গ	২। ক	৩। ঘ	৪। ক	৫। খ	৬। গ	৭। খ	৮। ঘ	৯। গ	১০। খ	১১। ঘ	১২। ক	১৩। ক	১৪। খ	১৫। খ
১৬। গ	১৭। ক	১৮। গ	১৯। গ	২০। খ	২১। খ	২২। গ	২৩। ক	২৪। ঘ	২৫। গ	২৬। খ	২৭। ঘ	২৮। ঘ	২৯। গ	৩০। গ